

### আলোক পাথর

অতোটা সুন্দর ছিল না তাঁর চেহারা  
তবে সুঠাম সুদৃঢ় ছিল কাঠামো  
কাঁধ বাহতে ছিল কৈবর্ত জেলেদের শ্রমের মিশেল  
অ নার্য না ক পু ওষ্ঠ  
স্তুপের মতো হেলে ওঠা শিরসন্মু খ  
হুস্বাহ কঠিন গোড়ালি খাটো- পাতা পা  
এই সরল অতি সাধারণ  
স্থানীয় চেহারার ওপরে ছিল  
দুরাগত নোনা হাওয়ার স্বাস্থ্য প্রবাহ

জ্ঞ নে ও বচনে ছিল  
ঐতিহাসিক অঞ্চলকার বিদূরগনের তেজ

আমাদের সম্ভাবাতি ভোরের কিরণ  
আলোর অপার উৎস  
মৃত্তিকায় অপ্রোথিত আহমদ শরীফ  
সুউচ্চ পর্বতের ভার আলোক পাথর।

সমুদ্র গুপ্ত

